সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

সেবার মানোন্নয়নে কর্মকর্তা/কর্মীদের উদ্ভাবনী উদ্যোগে প্রনোদনা প্রদান

বাংলাদেশ সরকারের অব্যাহত উন্নয়ন প্রচেষ্টার অংশ হিসেবে সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) এর সেবাদান প্রক্রিয়ার মানোন্নয়নের লক্ষ্যে অত্র সংস্থার কর্মকর্তা/কর্মীদের নিকট থেকে সৃজনশীল উদ্ভাবনী ধারণা আহ্বানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে উদ্ভূত সমস্যা সমাধানে কিংবা সুবিধাভোগীদের নিকট প্রকল্পের সুবিধাগুলো আরও কার্যকরভাবে পৌছে দেয়ার লক্ষ্যে কর্মকর্তা/কর্মীদের বাস্তব অভিজ্ঞতার আলোকে এসব উদ্যোগ এসডিএফ'কে একটি দরিদ্রবান্ধব এবং গ্রামীণ দারিদ্র্য দূরীকরণে একটি বিশেষায়িত প্রতিষ্ঠান হিসেবে দেশের চলমান উন্নয়ন কার্যক্রমে আরও বলিষ্ঠ ভূমিকা রাখতে সাহায্য করবে।

উদ্ভাবনী ধারণা:

এসডিএফ এর উন্নয়ন দর্শন এবং বাস্তবায়নাধীন প্রকল্পের নীতিমালার (COM, আর্থিক চুক্তি ইত্যাদি) সাথে সাংঘর্ষিক নয় বরং চলমান কার্যক্রমে আরও গতিশীলতা আনয়নে সক্ষম সংস্থা এবং মাঠকার্যক্রম সংক্রান্ত যে কোন বিষয়ে উদ্ভাবনী ধারণা প্রদান করা যাবে। এসডিএফ এর সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মীবৃন্দ (ক্ষেত্র বিশেষে কর্মচারীগণও) উদ্ভাবনী ধারণা প্রদান করতে পারবেন। এক্ষেত্রে, এসডিএফ এর সকল পর্যায়ের কার্যালয় প্রধানগণকে তাঁদের অধীনস্ত কর্মকর্তা/কর্মীদেরকে উদ্ভাবনী ধারণা প্রদানে উদ্বুদ্ধ করতে হবে। উদ্ভাবনী ধারণা বলতে বোঝাবে:

- চলমান কার্যক্রমকে আরও কার্যকর ও গতিশীল করার জন্য কোন নতুন উদ্যোগ;
- বিদ্যমান/উদ্ভূত কোন সমস্যা সমাধানের নবতর কৌশল;
- সেবাদান প্রক্রিয়া সহজীকরণের কোন নতুন উদ্যোগ।

উদ্ভাবনী উদ্যোগের উদ্দেশ্য নয়:

- এসডিএফ কিংবা বাস্তবায়নাধীন প্রকল্পের নীতিমালার মৌলিক পরিবর্তন সাধন করা;
- সুবিধাভোগী কিংবা লক্ষ্যিত জনগোষ্ঠী পরিবর্তন।

উদ্ভাবনী ধারণা প্রক্রিয়াকরণ পদ্ধতি:

- **উদ্ভাবক:** এসডিএফ এর যে কোন পর্যায়ের কর্মকর্তা/কর্মী এককভাবে কিংবা একাধিক কর্মকর্তা/কর্মী যৌথভাবে উদ্ভাবনী ধারণা প্রেরণ করতে পারবেন। উদ্ভাবনী ধারণাটি সংক্ষিপ্ত আকারে (দেড়-দুই পৃষ্ঠার মধ্যে) বাংলায় লিখতে হবে যা পরবর্তীতে "উদ্ভাবনী ধারণাপত্র" হিসেবে অবিহিত হবে। ধারণার উদ্ভাবকের কর্মস্থল আঞ্চলিক/জেলা/ক্লাস্টার পর্যায়ে হলে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে উদ্ভাবনী ধারণাপত্রটি রিজিওনাল ইনোভেশন টিমের নিকট প্রেরণ করতে হবে। এক্ষেত্রে, উদ্ভাবকের নিকট থেকে ধারণাপত্রটি গ্রহণ করার সময় সুপারভাইজার অবশ্যই ধারণাপত্রের প্রতিলিপিতে স্বাক্ষর ও তারিখ প্রদান করবেন যা, উদ্ভাবক তাঁর উদ্ভাবনের প্রমাণ হিসেবে নিজের কাছে রাখবেন। ধারণার উদ্ভাবকের কর্মস্থল এসডিএফ প্রধান কার্যালয়ে হলে সরাসরি প্রধান কার্যালয়স্থিত ন্যাশনাল ইনোভেশন টিমের নিকট জমা দিতে হবে। এক্ষেত্রে, ধারণাপত্রের প্রতিলিপিতে ইনোভেশন অফিসার তারিখ উল্লেখপূর্বক স্বাক্ষর প্রদান করবেন। উদ্ভাবনী ধারণাপত্রটিতে যে সকল বিষয় থাকবে-
  - উদ্ভাবনী ধারণা প্রদানকারীর নাম, পদবী, কর্মস্থল ও মোবাইল নম্বর;
  - উদ্ভাবনী ধারণার টাইটেল;
  - উদ্ভাবনী ধারণার বিষয়বস্তু;
  - উদ্দেশ্য এবং প্রয়োজনীয়তা;
  - প্রত্যাশিত ফলাফল;
  - বাস্তবায়ন কৌশল এবং স্থান/পর্যায়;
  - বাস্তবায়নের সময়সীমা ও বাজেট।

- **রিজিওনাল ইনোভেশন টিম:** সংশ্লিষ্ট অঞ্চলের ধারণাপত্র পরীক্ষা করবে এবং টিমের সদস্যদের পক্ষে সদস্য সচিবের (ইনোভেশন অফিসার) মতামতসহ ধারণাপত্র এসডিএফ প্রধান কার্যালয়স্থিত ন্যাশনাল ইনোভেশন টিমের ইনোভেশন অফিসার জনাব লুৎফর রহমান, জিএম (ভারপ্রাপ্ত), এমইএল বরাবরে প্রেরণ করবে। রিজিওনাল ইনোভেশন টিম কোন উদ্ভাবনী ধারণা বাতিল করবে না, কেবলমাত্র মতামত প্রদান করবে।

- **ন্যাশনাল ইনোভেশন টিমঃ** প্রাপ্ত উদ্ভাবনী ধারণাপত্র যাচাই-বাছাই করবে। প্রয়োজনে অতিরিক্ত তথ্য কিংবা বিষয়বস্তুর স্বচ্ছতার জন্য উদ্ভাবনী ধারণাপত্র প্রদানকারীর সাথে যোগাযোগ করবে। ইনোভেশন টিম প্রয়োজনবোধে প্রধান কার্যালয় কিংবা অন্য কোন কার্যালয়ের উপযুক্ত কর্মকর্তার(বৃন্দের) সাথে আলোচনাক্রমে উদ্ভাবনী ধারণাটির বিভিন্ন দিক, প্রাসঙ্গিকতা, বাস্তবায়ন যোগ্যতা ও কার্যকরিতা, অন্যান্য চলমান কার্যক্রমের উপর প্রস্তাবিত ধারণাটির স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রভাব ইত্যাদি বিষয় পর্যালোচনা করবে। উপযুক্ত বিবেচিত না হলে ইনোভেশন টিম প্রস্তাবিত যে কোন ধারণা বাতিল করতে পারবে কিংবা এসংক্রান্ত যে কোন মতদ্বৈততা উদ্ভব হলে তা নিরসনের সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে। ধারণাপত্রের সকল দিক বিশ্লেষণ করে (এবং প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে) উপযুক্ত প্রতীয়মান হলে ইনোভেশন টিম ধারণাপত্র ব্যবস্থাপনা পরিচালক, এসডিএফ এর বিবেচনার জন্য পেশ করবে।

ব্যবস্থাপনা পরিচালক এর অনুমোদনঃ এসডিএফ এর মাননীয় ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক উদ্ভাবনী ধারণাটি অনুমোদিত হলে প্রধান কার্যালয়ের ইনোভেশন টিমের পক্ষ থেকে ধারণার উদ্ভাবককে লিখিতভাবে জানানো হবে। উক্ত পত্রের অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক, রিজিওনাল ইনোভেশন টিম, জেলা ব্যবস্থাপক ও ক্লাস্টার অফিসারকে প্রদান করা হবে।

উদ্ভাবনী ধারণা পাইলটিংঃ কোন একটি উদ্ভাবনী ধারণা ব্যবস্থাপনা পরিচালক, এসডিএফ কর্তৃক অনুমোদিত হবার পর ন্যাশনাল ইনোভেশন টিম উক্ত ধারণাটি পরীক্ষামূলক প্রকল্পের (Pilot project) আকারে বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ নেবে। উল্লেখ্য, পরীক্ষমূলক প্রকল্পের মেয়াদ ৩/৪ মাসের বেশি হবে না। ন্যাশনাল ইনোভেশন টিম সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক এর সাথে আলোচনা ও পরামর্শক্রমে পাইলটিং এর জন্য সুবিধাজনক স্থান নির্বাচন করবে যা, স্বল্প পরিসরে এবং ব্যয়ে বাস্তবায়ন করা হবে। কোন পরীক্ষমূলক প্রকল্প বাস্তবায়নের সকল পর্যায়ে ধারণাটির উদ্ভাবকের সংশ্লিষ্টতা নিশ্চিত করার চেষ্টা করতে হবে।

পরীক্ষামূলক প্রকল্প বাস্তবায়নকারী কার্যালয় (মাঠ পর্যায়ে) উক্ত প্রকল্পের মাসিক প্রতিবেদন প্রণয়ন করে (আঞ্চলিক পরিচালক ও জেলা ব্যবস্থাপক কে অনুলিপিসহ) রিজিওনাল ইনোভেশন টিমের নিকট প্রেরণ করবে। রিজিওনাল ইনোভেশন টিম উক্ত প্রতিবেদনের একটি অনুলিপি মতামতসহ ন্যাশনাল টিমের নিকট প্রেরণ করবে। রিজিওনাল ইনোভেশন টিমের সদস্যরা পরীক্ষামূলক প্রকল্পটি পরিদর্শন ও অগ্রগতি মনিটর করবে।

মূল্যায়নঃ পরীক্ষামূলক প্রকল্পের মেয়াদান্তে ন্যাশনাল ও রিজিওনাল ইনোভেশন টিমের যৌথ উদ্যোগে প্রকল্পের কার্যকরিতা মূল্যায়ন করা হবে। একটি পরীক্ষামূলক প্রকল্প শেষ হবার পর রিজিওনাল ইনোভেশন টিম সংক্ষিপ্ত আকারে প্রকল্প সমাপনী প্রতিবেদন প্রণয়ন করবে এবং সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকের মতামতসহ প্রতিবেদনটি ন্যাশনাল ইনোভেশন টিমের নিকট প্রেরণ করবে। ন্যাশনাল ইনোভেশন টিম প্রতিবেদনটি পর্যালোচনা করে সুপারিশসহ প্রয়োজনীয় দিক নির্দেশনার জন্য ব্যবস্থাপনা পরিচালক, এসডিএফ এর নিকট জমা দেবে।

সংস্থা পর্যায়ে বাস্তবায়নঃ একটি উদ্ভাবনী ধারণা পরীক্ষামূলক বাস্তবায়ন শেষে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক, এসডিএফ এর বিবেচনায় এসডিএফ এর কার্যক্রমে অন্তর্ভুক্ত হবার উপযুক্ত বিবেচিত হলে তাঁর নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রণোদনাঃ প্রকল্প বাস্তবায়নের গতানুগতিক ধারার মধ্যে সৃজনশীল উদ্যোগ কার্যক্রমের গতিশীলতা আনয়নে এবং কার্যক্রমকে আরও বেশি ফলপ্রসূ করার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এ কারণে, উদ্ভাবনী ধারণা প্রদানকারীগণকে এসডিএফ এর পক্ষ থেকে পুরস্কৃত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এক্ষেত্রে, যে সকল উদ্ভাবনী ধারণা পাইলটিং এর জন্য বিবেচিত হবে তার উদ্ভাবককে ব্যবস্থাপনা পরিচালক, এসডিএফ এর স্বাক্ষরযুক্ত ধন্যবাদপত্র প্রদান করা হবে যা, উক্ত কর্মকর্তা/কর্মীর ব্যক্তিগত নথিতে একটি উল্লেখযোগ্য অর্জন হিসেবে যুক্ত হবে। এছাড়া, যে সকল উদ্ভাবনী উদ্যোগ পাইলটিং শেষে সংস্থা পর্যায়ে বাস্তবায়নের জন্য উপযুক্ত বিবেচিত হবে সেই সকল ধারণার উদ্ভাবকগণকে এসডিএফ এর মাননীয় চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক এর স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট এবং নগদ টাকা পুরস্কার হিসেবে প্রদান করা হবে। উক্ত সার্টিফিকেট এর প্রতিলিপি এসডিএফ এ কর্মকালীন সময়ে একটি অন্যতম সফলতার স্মারক হিসেবে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণ করা হবে। ভবিষ্যতে উক্ত কর্মকর্তা/কর্মীর চাকরি বিষয়ক যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে এই অর্জনগুলো অত্যন্ত ইতিবাচক ভূমিকা পালন করবে।